



প্রেস রিলিজ

আইসিডিডিআর,বি এবং বি-স্ক্যান প্রতিবন্ধী ব্যক্তি ও বয়স্ক ব্যক্তিদের নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্যবিধির সার্বিক অবস্থা মূল্যায়নে দেশব্যাপী এক সমীক্ষা কর্মসূচি শুরু করছে

ঢাকা, বাংলাদেশ, ১৩ সেপ্টেম্বর ২০২২

আইসিডিডিআর,বি এবং বাংলাদেশ সোসাইটি ফর দ্য চেঞ্জ অ্যান্ড অ্যাডভোকেসি নেস্টিয়াস (বি-স্ক্যান)-এর যৌথ উদ্যোগে দেশব্যাপী প্রতিবন্ধী, ও বয়স্ক ব্যক্তিদের নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন, ও স্বাস্থ্যবিধি (ওয়াশ) বিষয়ক সার্বিক অবস্থা মূল্যায়নে একটি কর্মসূচি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উপলক্ষে ঢাকার গুলশানের হোটেল লেক ক্যাসেলে উক্ত কর্মসূচির উদ্বোধনী সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রতিবন্ধী, এবং বয়স্ক ব্যক্তির বিশ্বের জনসংখ্যার একটি বড় অংশ হলেও, অধিকাংশ সময়ই তারা সামাজিক ও অর্থনৈতিক সুবিধা থেকে বঞ্চিত হয়ে থাকে। তাদের এই প্রতিবন্ধকতাগুলো নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্যবিধি এবং স্বাস্থ্য সেবা বিষয়ক সুবিধা প্রাপ্তিকে সীমিত করে তুলেছে। উপরন্তু, কোভিড-১৯ এই পরিস্থিতিতে আরও ঝুঁকিপূর্ণ করে তুলেছে। বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তি, এবং বয়স্ক ব্যক্তিদের নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্যবিধি ও মাসিক-কালীন স্বাস্থ্য ব্যবস্থাপনা (এমএইচএম) বিষয়ক অভিজ্ঞতা এবং পরবর্তীতে করণীয় সম্পর্কে সীমিত সংখ্যক গবেষণা হয়েছে। ফলস্বরূপ, নীতিনির্ধারণী পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যথাযথ তথ্য স্বল্পতা রয়েছে। এবিষয়ে আরও ধারণা লাভের উদ্দেশ্যে উক্ত গবেষণাটি পরিচালিত হবে।

বাংলাদেশের আটটি প্রশাসনিক বিভাগে (নভেম্বর ২০২২ থেকে সেপ্টেম্বর ২০২৩) এই জনসংখ্যাভিত্তিক সমীক্ষাটি পরিচালিত হবে। এই গবেষণায় স্ক্রিনিং এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ এবং তাদের মধ্য থেকে ন্যূনতম ৬৫৬ জন প্রতিবন্ধী ব্যক্তি ও সমান সংখ্যক অপ্রতিবন্ধী ব্যক্তিদের (লিঙ্গ এবং বয়সের সাথে মিল থাকবে) নিয়ে সমীক্ষাটি সম্পন্ন করা হবে। এর সাথে উক্ত গবেষণায় অংশগ্রহণকারী ব্যক্তিদের ব্যবহৃত ওয়াশ ও এমএইচএম পরিষেবা সমূহের স্পট নীরিক্ষণ করা হবে। প্রতিবন্ধী ব্যক্তিসহ বয়স্ক ব্যক্তিদের বিদ্যমান সমস্যা এবং এর সম্ভাব্য সমাধান ব্যাপকভাবে বোঝার জন্য প্রতিবন্ধী, ও বয়স্ক ব্যক্তি, তাদের পরিচর্যাকারী, জনসাধারণ এবং নীতিনির্ধারণী পর্যায়ের সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে কোয়ালিটিটিভ গবেষণা করা হবে। এই গবেষণাটি, প্রতিবন্ধী, ও বয়স্ক ব্যক্তি এবং তাদের পরিচর্যাকারীদের ওয়াশ, এমএইচএম, এবং স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে অপ্রতিবন্ধী ব্যক্তি এবং যুব-কিশোরদের তুলনায় যে ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হোন, বিশেষত করোনাকালীন সময়ে, সেগুলো চিহ্নিত করতে সহায়তা করবে। এটি প্রতিবন্ধিতার ধরন, আর্থ-সামাজিক অবস্থা, বয়স এবং লিঙ্গভিত্তিক প্রতিবন্ধকতাগুলোর বৈচিত্র্য অন্বেষণ করবে এবং প্রতিবন্ধী, ও বয়স্ক ব্যক্তিদের জীবনমানের উন্নতি সাধনে নীতিনির্ধারণী পর্যায়ে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধীতা) শিবানী ভট্টাচার্য। সভায় সভাপতিত্ব করেন আইসিডিডিআর,বি-র ইনফেকশাস ডিজিজেস ডিভিশনের অন্তর্গত এনভায়রনমেন্টাল ইন্টারভেনশন ইউনিটের (ইআইইউ) প্রধান প্রকল্প সমন্বয়কারী ডাঃ মোঃ মাহবুবুর রহমান।

আইসিডিডিআর,বি-র ইআইইউ-র সিনিয়র রিসার্চ অফিসার দেওয়ান মোহাম্মদ শোয়াইব এবং বি-স্ক্যানের সাধারণ সম্পাদক সালমা মাহবুব গবেষণার বিষয়বস্তু তুলে ধরেন এবং প্রশ্নোত্তর পর্ব পরিচালনা করেন।



প্রেস রিলিজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি এই পদক্ষেপ গ্রহণের জন্য আইসিডিডিআর,বি এবং বি-স্ক্যানকে ধন্যবাদ জানান এবং বলেন, “বাংলাদেশ সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনের মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে এবং আমরা সব সময় এধরনের গবেষণাকে অনুপ্রাণিত করে থাকি। আমরা মাঠ পর্যায়ে যত কাজ করব ততটাই আমরা প্রতিবন্ধী ব্যক্তিদের বাস্তব অবস্থা সম্বন্ধে ধারণা লাভ করতে পারবো।”

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধীতা), শিবানী ভট্টাচার্য, তার বক্তব্যে বলেন, “প্রতিবন্ধী ব্যক্তিরা বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন এবং তাদের অবস্থা বোঝার জন্য এধরনের গবেষণা প্রয়োজন। আমি আশা করি, এই গবেষণার ফলাফল আমাদেরকে বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনের মানোন্নয়ন করতে সাহায্য করবে।”

মেজর মোঃ জহিরুল ইসলাম (সাধারণ সদস্য) বি-স্ক্যান অনুষ্ঠানের অংশগ্রহণকারীদেরকে ধন্যবাদ জানিয়ে এর সমাপ্তি ঘোষণা করেন। জাতীয় ও আন্তর্জাতিক জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, স্বাস্থ্য অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আইসিডিডিআর,বি, এবং গণমাধ্যমের প্রতিনিধিবৃন্দও উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উক্ত সমীক্ষাটি একটি বৃহত্তর গবেষণার অংশ যা আইসিডিডিআর,বি-র নেতৃত্বে এবং লন্ডন স্কুল অব হাইজিন অ্যান্ড ট্রপিক্যাল মেডিসিন (এলএসএইচটিএম) এবং ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-র অর্থায়নে এবং প্রযুক্তিগত সহায়তায় কেনিয়া, ইন্দোনেশিয়া, জাম্বিয়া, সিয়েরা লিওন এবং বাংলাদেশে বাস্তবায়িত হচ্ছে। বাংলাদেশে পরিচালিত এই গবেষণাটির প্রধান গবেষক আইসিডিডিআর,বি-র ইআইইউ-র অ্যাসোসিয়েট সায়েন্টিস্ট মাহবুব উল আলম। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্বেচ্ছাসেবী সংস্থা বি-স্ক্যান বাংলাদেশে এই গবেষণাটি বাস্তবায়ন করছে।

#

বিস্তারিত জানতে যোগাযোগ করুন:

ন্যাশনাল মিডিয়া কন্টাক্ট:

একেএম তারিফুল ইসলাম খান

সিনিয়র ম্যানেজার, কমিউনিকেশন, আইসিডিডিআর,বি

অফিসঃ +৮৮০-২-৯৮২০৫২৩-৩২ এক্সটেনশন: ৩১১৬

ইমেইল: tariful.islam@icddr.org